



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

নিবাহী প্রকৌশলীর কার্যালয়
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর-২, ঢাকা।
ফোন : ৯০৩৫৩৫৫
(www.nha.gov.bd)

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন ঢাকার ধানমন্ডি আবাসিক এলাকা এবং মোহাম্মদপুর হাউজিং এস্টেটে বিভিন্ন আয়তনের আবাসিক ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সকল আগ্রহী বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মিরপুর গৃহসংস্থান বিভাগ-২ এর ব্যবস্থাপনায় “ঢাকাছ ধানমন্ডি আবাসিক এলাকায় ০৫টি ভিন্ন ভিন্ন প্লটে (সড়ক নং-০১, ১০/এ, ৬/এ, ০২, ১২/এ) এবং মোহাম্মদপুর হাউজিং এস্টেটের ০২টি ভিন্ন ভিন্ন প্লটে (আসাদ এভিনিউ, ইকবাল রোড) বিভিন্ন আয়তনের (১২০০ হতে ২৫০০ বর্গফুট পর্যন্ত) কম-বেশি ২০০টি ফ্ল্যাট বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার মধ্যে যাদের প্লট/ফ্ল্যাট রয়েছে, তারা বর্ণিত প্রকল্পে আবেদনের যোগ্য হবেন না। জামানতের টাকাসহ অন্যান্য আনুষাংগিক সকল তথ্যাদি ফ্ল্যাট বরাদ্দের প্রসপেক্টাসে লিপিবদ্ধ রয়েছে। আবেদনপত্র সম্বলিত প্রসপেক্টাস নগদ ৩০০০/- (তিন হাজার) টাকা মাত্র মূল্যে (অফেরতযোগ্য) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল বিভাগীয় কার্যালয় তথা (১) ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা (২) ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা (৩) ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা (৪) মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা (৫) চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম (৬) সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট (৭) রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুড়া, রাজশাহী (৮) খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা (৯) দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউটাউন, দিনাজপুর কার্যালয় হতে ২৭/০৮/২০১৭ খ্রিঃ হতে ২৭/০৯/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয় এবং জমা দেয়া যাবে। তাছাড়াও প্রবাসী আবেদনকারীগণ সরাসরি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট www.nha.gov.bd হতে প্রসপেক্টাসের নমুনা সংগ্রহ করে এতে বর্ণিত নিয়ম অনুযায়ী আবেদনপত্র জমা দিতে পারবেন।

(মুনিফ আহমেদ)

নিবাহী প্রকৌশলী
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
মিরপুর-২, ঢাকা।

২ কলাম x ৭”